DEC. 24 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৮....

# পাঠ্যপুস্তকের সম্ভাব্য কৃত্রিম সংকট রোধে শিক্ষক নেতৃবৃন্দকে এগিয়ে আসতে হবে শিক্ষক সমিতি

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আব্দুর রাজ্জাক ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া এক যুক্ত বিবৃতিতে বছরের শুরুতে একশ্রেণীর অসাধু ব্যবসায়ী যাতে নতুন পাঠ্যপুস্তক মজুদ রেখে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেজন্য সকল থানা ও জেলার শিক্ষক নেতৃবৃন্দকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। সমিতির মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বছরের শুরুতে ছাত্রছাত্রীরা যাতে পাঠ্যপুস্তক পান তার সকল প্রক্রিয়া সম্পন্ন করেছেন। এখন একশ্রেণীর বই ব্যবসায়ী বই মজুদ রেখে বেশী মূল্যে ছাত্র-ছাত্রীদের নিকট বই বিক্রি করে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করতে পারেন। এই ধরনের ব্যক্তিদের সরাসরি আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে সোপর্দ অথবা ৯০০১৮৫০, ০১৭-২৬২৮৪৮, ০১৭-৫৪০৪৯৬ নম্বর